Question Type-01: ম্যাট্রিক্সের প্রকারভেদ সংক্রান্ত

➲ **Formula & Concept:** এখানে বিভিন্ন প্রকার ম্যাট্রিক্সের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলো ব্যবহার করতে হবে।

MCQ

01. Matrix $\begin{bmatrix} 4 & 6 \\ 6 & 4 \end{bmatrix}$ এর নাম- **[BUTEX'14-15]**

(a) প্রতিসম (b) Transpose (c) ব্যতিক্রমী (d) Scalar

সমাধান: (a); যে Matrix এর কলাম এবং সারি inter-change করলে Matrix অপরিবর্তিত থাকে। তাকে প্রতিসম Matrix বলে।

Question Type-02: ম্যাট্রিক্সের যোগ-বিয়োগ ও গুণ সংক্রান্ত সমস্যা

➲ **Formula & Concept:**

- দুইটি ম্যাট্রিক্স যোগ-বিয়োগ করা যাবে যদি ম্যাট্রিক্স দুটির ক্রম (order) সমান থাকে। দুটি ম্যাট্রিক্সের একই স্থানের ভুক্তিগুলো যোগ বা বিয়োগ করে যেই ম্যাট্রিক্স পাওয়া যায় তাই যোগফল বা বিয়োগফল।
- একটি ম্যাট্রিক্সের সাথে কোনো সংখ্যা গুণ করা হলে, ম্যাট্রিক্সের সবগুলো ভুক্তির সাথে সংখ্যাটি গুণ হয়ে যাবে।

$$k\begin{bmatrix} a & b & c \\ d & e & f \\ g & h & i \end{bmatrix} = \begin{bmatrix} ka & kb & kc \\ kd & ke & kf \\ kg & kh & ki \end{bmatrix}$$

- দুইটি ম্যাট্রিক্স গুণ করা যাবে যদি প্রথমটির কলাম সংখ্যা দ্বিতীয়টির সারি সংখ্যার সমান হয়। A এর ক্রম $m \times n$ এবং B এর ক্রম $n \times p$ হলে, AB নির্ণয়যোগ্য কিন্তু BA নির্ণয়যোগ্য নয়। AB গুণফল ম্যাট্রিক্সটির ক্রম হবে $= m \times p$

$$A \times B = C$$

$m \times \boxed{n \quad n} \times p$ → A এর Column সংখ্যা = B এর Row এর সংখ্যা

$m \times p$ (C এর ক্রম)

- দুইটি ম্যাট্রিক্স $A_{m\times n}$ ও $B_{n\times p}$ এর গুণন করে C ম্যাট্রিক্স পেলে $C_{m\times p}$ এর ভুক্তিগুলো এমন যে, $c_{ij} = \sum_{k=1}^{n} a_{ik} \times b_{kj}$

MCQ

01. X ম্যাট্রিক্সটি বের কর যখন $2X + \begin{bmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{bmatrix} = \begin{bmatrix} 3 & 8 \\ 7 & 2 \end{bmatrix}$. **[CKRUET'21-22]**

(a) $\begin{bmatrix} 1 & 3 \\ 2 & -1 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 1 & -3 \\ 2 & -1 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 2 & 6 \\ 4 & -2 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 2 & -6 \\ 4 & -2 \end{bmatrix}$ (e) $\begin{bmatrix} -2 & -6 \\ -4 & 2 \end{bmatrix}$

সমাধান: (a); $2X + \begin{bmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{bmatrix} = \begin{bmatrix} 3 & 8 \\ 7 & 2 \end{bmatrix} \Rightarrow 2X = \begin{bmatrix} 3 & 8 \\ 7 & 2 \end{bmatrix} - \begin{bmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{bmatrix} = \begin{bmatrix} 2 & 6 \\ 4 & -2 \end{bmatrix} \therefore X = \begin{bmatrix} 1 & 3 \\ 2 & -1 \end{bmatrix}$

02. Given the matrix, $A = \begin{bmatrix} 1 & n \\ 0 & 1 \end{bmatrix}$, what is the resultant matrix A^n? **[IUT'21-22]**

(a) $\begin{bmatrix} 1 & n^n \\ 0 & 1 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 1 & n^2 \\ 0 & 1 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} n & n \\ 0 & n \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} n & n \\ 0 & 1 \end{bmatrix}$

Solution: (b); $A = \begin{bmatrix} 1 & n \\ 0 & 1 \end{bmatrix}$ Using calculator, $A^2 = \begin{bmatrix} 1 & 2n \\ 0 & 1 \end{bmatrix}$ [let $n = 3$]; $A^3 = \begin{bmatrix} 1 & 3n \\ 0 & 1 \end{bmatrix}$; $A^4 = \begin{bmatrix} 1 & 4n \\ 0 & 1 \end{bmatrix}$

$\therefore A^n = \begin{bmatrix} 1 & n.n \\ 0 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & n^2 \\ 0 & 1 \end{bmatrix}$

03. Given $A = \begin{bmatrix} x+y & -6 \\ ab & 7 \end{bmatrix}$ and $B = \begin{bmatrix} -3 & a+b \\ -9 & x+y \end{bmatrix}$, where $A^T + B^T = I$. What are the values of a and b?

(a) $3, -3$ (b) $-3, -3$ (c) $3, 3$ (d) $-3, 3$ **[IUT'21-22]**

Solution: (c); $A^T + B^T = \begin{bmatrix} x+y & ab \\ -6 & 7 \end{bmatrix} + \begin{bmatrix} -3 & -9 \\ a+b & x+y \end{bmatrix} = \begin{bmatrix} x+y-3 & ab-9 \\ -6+a+b & 7+x+y \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

$\therefore a+b-6=0; ab-9=0 \therefore a+b=6;$ $ab = 9$ Solving we get, $a = b = 3$

04. If $2\begin{bmatrix}3 & 4\\5 & x\end{bmatrix}+\begin{bmatrix}1 & y\\0 & 1\end{bmatrix}=\begin{bmatrix}7 & 0\\10 & 5\end{bmatrix}$, then what is the value of $(x-y)$? [IUT'20-21]

(a) -8 (b) 2 (c) 10 (d) -6

Solution: (c); $2\begin{bmatrix}3 & 4\\5 & x\end{bmatrix}+\begin{bmatrix}1 & y\\0 & 1\end{bmatrix}=\begin{bmatrix}7 & 0\\10 & 5\end{bmatrix}\Rightarrow\begin{bmatrix}6 & 8\\10 & 2x\end{bmatrix}+\begin{bmatrix}1 & y\\0 & 1\end{bmatrix}=\begin{bmatrix}7 & 0\\10 & 5\end{bmatrix}\Rightarrow\begin{bmatrix}7 & 8+y\\10 & 2x+1\end{bmatrix}=\begin{bmatrix}7 & 0\\10 & 5\end{bmatrix}$

$\therefore 8+y=0 \therefore y=-8 \quad \therefore 2x+1=5\Rightarrow x=2 \therefore x-y=2-(-8)=10$

05. A, B এবং C ম্যাট্রিক্সগুলোর মাত্রা যথাক্রমে $4\times5,\ 5\times4$ এবং 4×2 হলে $(A^T+B)C$ ম্যাট্রিক্সের মাত্রা হবে- [BUET'10-11, BUTEX' 15-16, IUT'18-19]

(a) 5×4 (b) 4×2 (c) 5×2 (d) 2×5

সমাধান: (c); A^T এর মাত্রা 5×4; (A^T+B) এর মাত্রা 5×4 $\therefore (A^T+B)C$ এর মাত্রা 5×2

06. If $\begin{bmatrix}a & b\\a_1 & b_1\end{bmatrix}\begin{bmatrix}3 & -5\\-1 & 2\end{bmatrix}=\begin{bmatrix}1 & -1\\2 & 0\end{bmatrix}$, then the values of a and b are- [IUT'17-18]

(a) a = 1 and b = 2 (b) a = 2 and b = 3 (c) a = 2 and b = 5 (d) a = 3 and b = 8

Solution: (a) ; $\begin{bmatrix}a & b\\a_1 & b_1\end{bmatrix}\begin{bmatrix}3 & -5\\-1 & 2\end{bmatrix}=\begin{bmatrix}1 & -1\\2 & 0\end{bmatrix}, 3a-b=1\ldots(i)\ -5a+2b=-1\ldots.(ii)$

(i) & (ii) $\Rightarrow a=1\ \&\ b=2$

07. If $A=\begin{bmatrix}1 & 2\\a & b\end{bmatrix}$ and $A^2=\begin{bmatrix}0 & 0\\0 & 0\end{bmatrix}$, then the values of a and b are: [IUT'16-17]

(a) 2 and 1 (b) -2 and -1 (c) $-\frac{1}{2}$ and -1 (d) $\frac{1}{2}$ and 1

Solution: (c); $A^2=\begin{bmatrix}1+2a & 2+2b\\a+ab & 2a+b^2\end{bmatrix}=\begin{bmatrix}0 & 0\\0 & 0\end{bmatrix}$; $\begin{matrix}1+2a & 2+2b=0\\a=-\frac{1}{2} & b=-1\end{matrix}$

08. তিনটি ম্যাট্রিক্স $[x\ \ y]\begin{bmatrix}a & h\\h & b\end{bmatrix}\begin{bmatrix}x\\y\end{bmatrix}$ এর গুণফলের মান হবে- [BUET'12-13]

(a) $[x^2a+xyh\quad xyh+y^2b]$ (b) $[x^2a+2xyh+y^2b]$

(c) $\begin{bmatrix}x^2a+xyh\\xyh+y^2b\end{bmatrix}$ (d) $[2x^2a+xyh+2y^2b]$

সমাধান: (b); $[x\ \ y]\begin{bmatrix}a & h\\h & b\end{bmatrix}\begin{bmatrix}x\\y\end{bmatrix}=[ax+hy\quad hx+by]\begin{bmatrix}x\\y\end{bmatrix}=[ax^2+hxy+hxy+by^2]=[x^2a+2xyh+y^2b]$

শর্টকাট: a, b, h, x, y এর ইচ্ছেমত মান নিয়ে তা নিয়ে calculator এ calculate কর।

09. যদি C = AB হয় যেখানে, $A=\begin{bmatrix}1 & 2 & 3\\3 & 2 & 1\\1 & 1 & 2\end{bmatrix}$ ও $B=\begin{bmatrix}1 & 1 & 2\\1 & 2 & 3\\3 & 2 & 1\end{bmatrix}$ তবে C এর আকার হলো [KUET'12-13]

(a) $\begin{bmatrix}9 & 14 & 10\\7 & 10 & 14\\6 & 9 & 7\end{bmatrix}$ (b) $\begin{bmatrix}7 & 7 & 10\\9 & 8 & 9\\12 & 9 & 11\end{bmatrix}$ (c) $\begin{bmatrix}6 & 10 & 10\\6 & 9 & 11\\8 & 11 & 13\end{bmatrix}$ (d) $\begin{bmatrix}12 & 11 & 11\\8 & 9 & 13\\8 & 7 & 7\end{bmatrix}$ (e) $\begin{bmatrix}12 & 8 & 8\\11 & 9 & 7\\11 & 13 & 7\end{bmatrix}$

সমাধান: (d);$C=AB=\begin{bmatrix}1 & 2 & 3\\3 & 2 & 1\\1 & 1 & 2\end{bmatrix}\begin{bmatrix}1 & 1 & 2\\1 & 2 & 3\\3 & 2 & 1\end{bmatrix}=\begin{bmatrix}1+2+9 & 1+4+6 & 2+6+3\\3+2+3 & 3+4+2 & 6+6+1\\1+1+6 & 1+2+4 & 2+3+2\end{bmatrix}=\begin{bmatrix}12 & 11 & 11\\8 & 9 & 13\\8 & 7 & 7\end{bmatrix}$

10. যদি $AX=\begin{bmatrix}0 & 1\\-1 & 0\end{bmatrix}\begin{bmatrix}x\\y\end{bmatrix}=\begin{bmatrix}y\\-x\end{bmatrix}$ হয়, তবে XA^2 হবে- [BUET'11-12]

(a) $\begin{bmatrix}-x\\-y\end{bmatrix}$ (b) $\begin{bmatrix}x\\-y\end{bmatrix}$ (c) $\begin{bmatrix}-y\\-x\end{bmatrix}$ (d) None of these

সমাধান: (d); $X=\begin{bmatrix}x\\y\end{bmatrix}, A=\begin{bmatrix}0 & 1\\-1 & 0\end{bmatrix}$; A^2 এর মাত্রা 2×2; X এর মাত্রা 2×1 $\therefore$ X ও A^2 এর গুণ করা সম্ভব নয়।

11. যদি $A=\begin{pmatrix}\cos\theta & -\sin\theta\\\sin\theta & \cos\theta\end{pmatrix}$ এবং $|A^2|=1$ হয় তবে θ এর মান কত? [KUET'11-12]

(a) $\theta=0^0$ (b) $\theta=45^0$ (c) $\theta=0^0$and 45^0 (d) None of these

সমাধান: (c); Using calculator.

12. $\begin{bmatrix}1 & 0\\-1 & 2\\2 & 0\end{bmatrix}+\begin{bmatrix}2 & 1\\0 & 1\\2 & -3\end{bmatrix}=\begin{bmatrix}x & -1\\-1 & z\\y & -3\end{bmatrix}$. x, y এবং z এর মান হবে- [RUET'10-11]

(a) 1, 2, 3 (b) 3, 4, 3 (c) $3,-3,4$ (d) $-1,2,3$ (e) None

সমাধান: (b); $\begin{bmatrix}1 & 0\\-1 & 2\\2 & 0\end{bmatrix}+\begin{bmatrix}2 & 1\\0 & 1\\2 & -3\end{bmatrix}=\begin{bmatrix}3 & 1\\-1 & 3\\4 & -3\end{bmatrix}$

13. দুটি ম্যাট্রিক্স A এবং B দেয়া আছে। AB ও BA এর মধ্যে কোন সম্পর্ক থাকলে তা নির্ণয় কর। B^{-1} কে x ও A এর মাধ্যমে প্রকাশ কর।

[BUET'19-20]

$$A = \begin{bmatrix} 3x & -4x & 2x \\ -2x & x & 0 \\ -x & -x & x \end{bmatrix} \text{ এবং } B = \begin{bmatrix} x & 2x & -2x \\ 2x & 5x & -4x \\ 3x & 7x & -5x \end{bmatrix}$$

সমাধান: $AB = \begin{bmatrix} 3x & -4x & 2x \\ -2x & x & 0 \\ -x & -x & x \end{bmatrix} \begin{bmatrix} x & 2x & -2x \\ 2x & 5x & -4x \\ 3x & 7x & -5x \end{bmatrix} = x \begin{bmatrix} 3 & -4 & 2 \\ -2 & 1 & 0 \\ -1 & -1 & 1 \end{bmatrix} \cdot x \begin{bmatrix} 1 & 2 & -2 \\ 2 & 5 & -4 \\ 3 & 7 & -5 \end{bmatrix}$

$= x^2 \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} x^2 & 0 & 0 \\ 0 & x^2 & 0 \\ 0 & 0 & x^2 \end{bmatrix}$

অনুরূপভাবে, $BA = \begin{bmatrix} x^2 & 0 & 0 \\ 0 & x^2 & 0 \\ 0 & 0 & x^2 \end{bmatrix} \therefore AB = BA$

$\therefore BA = x^2 I \Rightarrow \frac{1}{x^2} A = B^{-1} I \Rightarrow B^{-1} = \frac{A}{x^2} = \begin{bmatrix} \frac{3}{x} & -\frac{4}{x} & \frac{2}{x} \\ -\frac{2}{x} & \frac{1}{x} & 0 \\ -\frac{1}{x} & -\frac{1}{x} & \frac{1}{x} \end{bmatrix} \therefore B^{-1} = \frac{A}{x^2}$

14. যদি $A = \begin{pmatrix} \cos\theta & -\sin\theta \\ \sin\theta & \cos\theta \end{pmatrix}$ এবং $A^2 = \frac{1}{2}\begin{pmatrix} 1 & -\sqrt{3} \\ \sqrt{3} & 1 \end{pmatrix}$; θ এর মান নির্ণয় কর। **[CUET'09-10]**

সমাধান: $A^2 = AA = \begin{bmatrix} \cos\theta & -\sin\theta \\ \sin\theta & \cos\theta \end{bmatrix} \begin{bmatrix} \cos\theta & -\sin\theta \\ \sin\theta & \cos\theta \end{bmatrix}$

$= \begin{bmatrix} \cos^2\theta - \sin^2\theta & -2\sin\theta\cos\theta \\ 2\cos\theta\sin\theta & \cos^2\theta - \sin^2\theta \end{bmatrix} = \begin{bmatrix} \cos 2\theta & -\sin 2\theta \\ \sin 2\theta & \cos 2\theta \end{bmatrix}$

আবার, $A^2 = \begin{vmatrix} \frac{1}{2} & -\frac{\sqrt{3}}{2} \\ \frac{\sqrt{3}}{2} & \frac{1}{2} \end{vmatrix} \therefore \cos 2\theta = \frac{1}{2}$

$\therefore \cos 2\theta = \frac{1}{2} = \cos\frac{\pi}{3} \Rightarrow 2\theta = 2n\pi \pm \frac{\pi}{3} \therefore \theta = n\pi \pm \frac{\pi}{6}$ (Ans.)

15. কখন দুইটি ম্যাট্রিক্স গুণনের জন্য উপযোগী হবে? **[BUTEX'09-10]**

সমাধান: যদি প্রথম ম্যাট্রিক্সের কলাম সংখ্যা, ২য় ম্যাট্রিক্সের সারির সংখ্যার সমান হয়।

16. যদি $A = \begin{bmatrix} 1 & 2 & 2 \\ 2 & 1 & 2 \\ 2 & 2 & 1 \end{bmatrix}$ হয়, মান নির্ণয় করঃ $A^2 - 4A - 5I$. **[CUET'05-06]**

সমাধান: $A.A = A^2 \begin{bmatrix} 1 & 2 & 2 \\ 2 & 1 & 2 \\ 2 & 2 & 1 \end{bmatrix} \begin{bmatrix} 1 & 2 & 2 \\ 2 & 1 & 2 \\ 2 & 2 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} 1+4+4 & 2+2+4 & 2+4+2 \\ 2+2+4 & 4+1+4 & 4+2+2 \\ 2+4+2 & 4+2+2 & 4+4+1 \end{bmatrix} = \begin{bmatrix} 9 & 8 & 8 \\ 8 & 9 & 8 \\ 8 & 8 & 9 \end{bmatrix}$

$A^2 - 4A - 5I = \begin{bmatrix} 9 & 8 & 8 \\ 8 & 9 & 8 \\ 8 & 8 & 9 \end{bmatrix} - \begin{bmatrix} 4 & 8 & 8 \\ 8 & 4 & 8 \\ 8 & 8 & 4 \end{bmatrix} - \begin{bmatrix} 5 & 0 & 0 \\ 0 & 5 & 0 \\ 0 & 0 & 5 \end{bmatrix}$

$= \begin{bmatrix} 9-4-5 & 8-8-0 & 8-8-0 \\ 8-8-0 & 9-4-5 & 8-8-0 \\ 8-8-0 & 8-8-0 & 9-4-5 \end{bmatrix} = \begin{bmatrix} 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \end{bmatrix}$ **(Ans.)**

17. যদি $A = \begin{pmatrix} 3 & -2 \\ 1 & -2 \end{pmatrix}, B = \begin{pmatrix} 1 & 2 & 3 \\ 0 & 1 & 5 \end{pmatrix}$ এবং $C = \begin{pmatrix} 2 \\ -3 \\ 0 \end{pmatrix}$, হয় তবে দেখাও যে, (AB) C = A (BC).

সমাধান: $AB = \begin{pmatrix} 3 & -2 \\ 1 & -2 \end{pmatrix} \begin{pmatrix} 1 & 2 & 3 \\ 0 & 1 & 5 \end{pmatrix} = \begin{pmatrix} 3-0 & 6-2 & 9-10 \\ 1-0 & 2-2 & 3-10 \end{pmatrix} = \begin{pmatrix} 3 & 4 & -1 \\ 1 & 0 & -7 \end{pmatrix}$ **[CUET'04-05]**

$$BC = \begin{pmatrix} 1 & 2 & 3 \\ 0 & 1 & 5 \end{pmatrix} \begin{pmatrix} 2 \\ -3 \\ 0 \end{pmatrix} = \begin{pmatrix} 2-6+0 \\ 0-3+0 \end{pmatrix} = \begin{pmatrix} -4 \\ -3 \end{pmatrix}$$

$$\therefore \text{L.H.S} \Rightarrow (AB)\,C = \begin{pmatrix} 3 & 4 & -1 \\ 1 & 0 & -7 \end{pmatrix} \begin{pmatrix} 2 \\ -3 \\ 0 \end{pmatrix} = \begin{pmatrix} 6-12-0 \\ 2-0-0 \end{pmatrix} = \begin{pmatrix} -6 \\ 2 \end{pmatrix}$$

$$\therefore \text{R.H.S} \Rightarrow A\,(BC) = \begin{pmatrix} 3 & -2 \\ 1 & -2 \end{pmatrix} \begin{pmatrix} -4 \\ -3 \end{pmatrix} = \begin{pmatrix} -12+6 \\ -4+6 \end{pmatrix} = \begin{pmatrix} -6 \\ 2 \end{pmatrix}$$

$\therefore$ L.H.S = R.H.S $\therefore$ (AB) C = A (BC) (Showed)

18. $A = \begin{bmatrix} 0 & 0 & 2i \\ 0 & -2i & 0 \\ 2i & 0 & 0 \end{bmatrix}$, দেখাও যে, $A^2 + 4I = 0$, I একটি একক ম্যাট্রিক্স। **[CUET'03-04]**

সমাধান: $A = \begin{bmatrix} 0 & 0 & 2i \\ 0 & -2i & 0 \\ 2i & 0 & 0 \end{bmatrix} \therefore A^2 = \begin{bmatrix} 0 & 0 & 2i \\ 0 & -2i & 0 \\ 2i & 0 & 0 \end{bmatrix} \times \begin{bmatrix} 0 & 0 & 2i \\ 0 & -2i & 0 \\ 2i & 0 & 0 \end{bmatrix} = \begin{bmatrix} -4 & 0 & 0 \\ 0 & -4 & 0 \\ 0 & 0 & -4 \end{bmatrix}$

$$\therefore A^2 + 4I = \begin{bmatrix} -4 & 0 & 0 \\ 0 & -4 & 0 \\ 0 & 0 & -4 \end{bmatrix} + 4 \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix} \Rightarrow A^2 + 4I = 0 \text{ (Showed)}$$

Question Type-03: ম্যাট্রিক্স এর ভুক্তি নির্ণয় সংক্রান্ত

Formula & Concept:

যদি অজানা ম্যাট্রিক্সের মাত্রা দেয়া না থাকে তাহলে প্রথমে মাত্রা বের করে নিতে হবে। এরপর x, y, z ইত্যাদি বসিয়ে ঐ মাত্রার অজানা ম্যাট্রিক্স গঠন করতে হবে। এরপর প্রশ্নে উল্লিখিত শর্ত অনুসারে সমাধান করে x, y, z ইত্যাদির মান বের করে ম্যাট্রিক্সটি নির্ণয় করতে হবে।

01. যদি $P = \begin{bmatrix} 4 & -6 \\ -2 & 8 \end{bmatrix}$ এবং $P \times Q = \begin{bmatrix} 5 \\ 0 \end{bmatrix}$ হয় তবে ম্যাট্রিক্স Q কত? **[RUET'14-15]**

(a) $\begin{bmatrix} 2 \\ 0.5 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 16 & -2 \\ 0.5 & 3 \end{bmatrix}$ (c) $[0.5 \quad -2]$ (d) $\begin{bmatrix} -16 & 2 \\ 3 & 0.5 \end{bmatrix}$ (e) None

সমাধান: (a); P একটি 2×2 ম্যাট্রিক্স এবং $P \times Q$ একটি 2×1 ম্যাট্রিক্স $\therefore$ Q-এর মাত্রা হবে 2×1.

ধরি, $Q = \begin{bmatrix} x \\ y \end{bmatrix} \therefore PQ = \begin{bmatrix} 4 & -6 \\ -2 & 8 \end{bmatrix} \begin{bmatrix} x \\ y \end{bmatrix} = \begin{bmatrix} 4x-6y \\ -2x+8y \end{bmatrix}$

$\therefore$ শর্তমতে, $\begin{bmatrix} 4x-6y \\ -2x+8y \end{bmatrix} = \begin{bmatrix} 5 \\ 0 \end{bmatrix}$ $\therefore 4x - 6y = 5$.........(i); $-2x + 8y = 0$........(ii)

(i) & (ii) $\Rightarrow x = 2;\ y = 0.5 \ \therefore Q = \begin{bmatrix} 2 \\ 0.5 \end{bmatrix}$

02. If $A = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{bmatrix}$ and $AB = \begin{bmatrix} 6 & 7 \\ 16 & 17 \end{bmatrix}$, then B =? **[IUT'14-15]**

(a) $\begin{bmatrix} 4 & 2 \\ 1 & 3 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 4 & 3 \\ 1 & 2 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 4 & 1 \\ 3 & 2 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}$

Solution: (b); $A = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{bmatrix} \Rightarrow A^{-1} = -\frac{1}{2}\begin{bmatrix} 4 & -2 \\ -3 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} -2 & 1 \\ \frac{3}{2} & -\frac{1}{2} \end{bmatrix}$

$$B = A^{-1} \cdot AB = \begin{bmatrix} -2 & 1 \\ \frac{3}{2} & -\frac{1}{2} \end{bmatrix} \begin{bmatrix} 6 & 7 \\ 16 & 17 \end{bmatrix} = \begin{bmatrix} 4 & 3 \\ 1 & 2 \end{bmatrix}$$

03. Given $A = \begin{bmatrix} 1 \\ 2 \\ 3 \end{bmatrix}$ and $AB = \begin{bmatrix} -1 & 2 & 1 \\ -2 & 4 & 2 \\ -3 & 6 & 3 \end{bmatrix}$, which one of the following is matrix B? [IUT'11-12]

(a) $\begin{bmatrix} -1 \\ 2 \\ 1 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} -1 & 2 & 1 \\ -1 & 2 & 1 \\ -1 & 2 & 1 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} -1 & -1 & -1 \\ 2 & 2 & 2 \\ 1 & 1 & 1 \end{bmatrix}$ (d) [-1 2 1]

Solution: (d); Only (d) has its number of rows equal to the number of columns of matrix A.

As a general solution, Let, $B = [x \quad y \quad z]$ $\therefore \begin{bmatrix} 1 \\ 2 \\ 3 \end{bmatrix} [x \quad y \quad z] = \begin{bmatrix} x & y & z \\ 2x & 2y & 2z \\ 3x & 3y & 3z \end{bmatrix}$

Now, comparing this with AB we get, $B = [-1 \quad 2 \quad 1]$

04. যদি $A = \begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}$ এবং $AB = \begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix}$ হয়, তাহলে B ম্যাট্রিক্সটি নির্ণয় কর। [BUTEX'21-22]

সমাধান: $AB = \begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix} \Rightarrow (A^{-1}A)B = A^{-1}\begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix} \Rightarrow B = \begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}^{-1}\begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix}$

$\Rightarrow B = \frac{1}{4-6}\begin{bmatrix} 1 & -3 \\ -2 & 4 \end{bmatrix}\begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix} \Rightarrow B = \begin{bmatrix} \frac{-1}{2} & \frac{3}{2} \\ 1 & -2 \end{bmatrix}\begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix} \Rightarrow B = \begin{bmatrix} 1 & 2 \\ 2 & 3 \end{bmatrix}$ **(Ans.)**

05. যদি $A = \begin{bmatrix} 2 & 1 \\ 3 & 2 \end{bmatrix}, C = \begin{bmatrix} -2 & 1 \\ 5 & -2 \end{bmatrix}$ এবং $ABC = \begin{bmatrix} -2 & 4 \\ 3 & -1 \end{bmatrix}$ হয়, তাহলে B=? [BUET'20-21]

সমাধান: $A = \begin{bmatrix} 2 & 1 \\ 3 & 2 \end{bmatrix}$, $C = \begin{bmatrix} -2 & 1 \\ 5 & -2 \end{bmatrix}$, $ABC = \begin{bmatrix} -2 & 4 \\ 3 & -1 \end{bmatrix}$

এখানে ABC=ABC

$\Rightarrow A^{-1}.ABC.C^{-1} = A^{-1}.(ABC).C^{-1} \Rightarrow 1.B.1 = A^{-1}.(ABC).C^{-1}$

$\therefore B = A^{-1}.(ABC).C^{-1}$ $\therefore B = \begin{bmatrix} 2 & -1 \\ -3 & 2 \end{bmatrix}\begin{bmatrix} -2 & 4 \\ 3 & -1 \end{bmatrix}\begin{bmatrix} 2 & 1 \\ 5 & 2 \end{bmatrix}$

$= \begin{bmatrix} -7 & 9 \\ 12 & -14 \end{bmatrix}\begin{bmatrix} 2 & 1 \\ 5 & 2 \end{bmatrix} = \begin{bmatrix} 31 & 11 \\ -46 & -16 \end{bmatrix}$

এখানে,

$A^{-1} = \frac{1}{4-3}\begin{bmatrix} 2 & -1 \\ -3 & 2 \end{bmatrix} = \begin{bmatrix} 2 & -1 \\ -3 & 2 \end{bmatrix}$

$C^{-1} = \frac{1}{4-5}\begin{bmatrix} -2 & -1 \\ -5 & -2 \end{bmatrix} = \begin{bmatrix} 2 & 1 \\ 5 & 2 \end{bmatrix}$

06. যদি $\begin{bmatrix} 4 \\ 1 \\ 3 \end{bmatrix} A = \begin{bmatrix} -4 & 8 & 4 \\ -1 & 2 & 1 \\ -3 & 6 & 3 \end{bmatrix}$ হয়, তাহলে A ম্যাট্রিক্সটি নির্ণয় কর। [BUET'17-18]

সমাধান: ধরি, $B = \begin{bmatrix} 4 \\ 1 \\ 3 \end{bmatrix}$; $C = \begin{bmatrix} -4 & 8 & 4 \\ -1 & 2 & 1 \\ -3 & 6 & 3 \end{bmatrix}$; সুতরাং $B \times A = C$

এখন, B এর ক্রম $= 3 \times 1$; C এর ক্রম $= 3 \times 3$

সুতরাং, A এর ক্রম $= 1 \times 3$ $[\because B_{(3\times1)} \times A_{(1\times3)} = C_{(3\times3)}]$

ধরি, $A = [x \quad y \quad z]$

$\begin{bmatrix} 4 \\ 1 \\ 3 \end{bmatrix} \times [x \quad y \quad z] = \begin{bmatrix} -4 & 8 & 4 \\ -1 & 2 & 1 \\ -3 & 6 & 3 \end{bmatrix}$ ……… (i)

(i) নং সমীকরণ থেকে পাই, $4x = -4 \Rightarrow x = -1; 4y = 8 \Rightarrow y = 2; 4z = 4 \Rightarrow z = 1$

সুতরাং নির্ণেয় $A = [x \quad y \quad z] = [-1 \quad 2 \quad 1]$

07. যদি $A = \begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}$ এবং $AB = \begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix}$ হয় তবে B ম্যাট্রিক্স এর উপাদানসমূহ বের কর। **[BUET'16-17, RUET'09-10]**

সমাধান: ধরি, $B = \begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$

এখন, $AB = \begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix} \Rightarrow \begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}\begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix} = \begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix} \Rightarrow \begin{bmatrix} 4a+3c & 4b+3d \\ 2a+c & 2b+d \end{bmatrix} = \begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix}$

$\therefore 4a + 3c = 10 \quad 4b + 3d = 17$

$2a + c = 4 \quad 2b + d = 7$

সমাধান করে পাই, $\begin{matrix} a = 1 & b = 2 \\ c = 2 & d = 3 \end{matrix} \quad \therefore B = \begin{bmatrix} 1 & 2 \\ 2 & 3 \end{bmatrix}$

বিকল্প: $A = \begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix} \quad \therefore A^{-1} = \begin{bmatrix} -\frac{1}{2} & \frac{3}{2} \\ 1 & -2 \end{bmatrix}$

এখন, $AB = \begin{bmatrix} 10 & 17 \\ 4 & 17 \end{bmatrix} \Rightarrow A^{-1}.AB = A^{-1}.\begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix} \Rightarrow I.B = B = A^{-1}.\begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix}; \left[\because \begin{matrix} A^{-1}.A = I \\ I.B = B \end{matrix}\right]$

$= \begin{bmatrix} -\frac{1}{2} & \frac{3}{2} \\ 1 & -2 \end{bmatrix}.\begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 2 \\ 2 & 3 \end{bmatrix}$

08. $A = \begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}$ এবং $AB = \begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix}$, B ম্যাট্রিক্স নির্ণয় কর। **[RUET'09-10]**

সমাধান: এখানে, $A^{-1} = \frac{1}{4-(2\times3)}\begin{bmatrix} 1 & -3 \\ -2 & 4 \end{bmatrix} = -\frac{1}{2}\begin{bmatrix} 1 & -3 \\ -2 & 4 \end{bmatrix} = \begin{bmatrix} -\frac{1}{2} & \frac{3}{2} \\ 1 & -2 \end{bmatrix}$

তারপর, $A^{-1}(AB) = (A^{-1}A)B = (I)B = B$

$\Rightarrow B = \begin{bmatrix} -\frac{1}{2} & \frac{3}{2} \\ 1 & -2 \end{bmatrix}\begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix} \Rightarrow B = \begin{bmatrix} -5+6 & -\frac{17}{2}+\frac{21}{2} \\ 10-8 & 17-14 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 2 \\ 2 & 3 \end{bmatrix}$ (Ans.)

09. I অভেদক ম্যাট্রিক্স হলে B ম্যাট্রিক্স নির্ণয় করঃ $\begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}B = I; I = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ **[RUET'03-04]**

সমাধান: Let, $B = \begin{bmatrix} w & x \\ y & z \end{bmatrix}$

$\therefore \begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix} B = \begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}\begin{bmatrix} w & x \\ y & z \end{bmatrix} = \begin{bmatrix} 4w+3y & 4x+3z \\ 2w+y & 2x+z \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

$\therefore 4w + 3y = 1$
$2w + y = 0$
$4x + 3z = 0$
$2x + z = 1$

অর্থাৎ, $w = \frac{-1}{2}, x = \frac{3}{2}, y = 1, z = -2$ [সমাধান করে] $\therefore \begin{bmatrix} -\frac{1}{2} & 3/2 \\ 1 & -2 \end{bmatrix}$ (Ans.)

[বিঃদ্রঃ $\begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}$ ম্যাট্রিক্সের Inverse Matrix ই হচ্ছে B। এভাবেও অংকটি করা যায়।]

Question Type -04: নির্ণায়কের অনুরাশি ও সহগুণক সংক্রান্ত

Formula & Concept: মনে করি, $D = \begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$

- a_1 এর অনুরাশি নির্ণয়ের জন্য a_1 এর সারি এবং কলাম বাদ দিতে হবে এভাবে $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$

  এরপর $\begin{vmatrix} b_2 & c_2 \\ b_3 & c_3 \end{vmatrix}$ নির্ণায়কের মান $b_2c_3 - b_3c_2$ ই a_1 এর অনুরাশি।

  অর্থাৎ, একটি নির্ণায়কে কোন ভুক্তি যে সারি ও কলামে অবস্থিত, সেই সারি ও কলামকে বাদ দিয়ে যে নির্ণায়কটি পাওয়া যায়, তাকে ঐ ভুক্তির অনুরাশি (Minor) বলে।
- কোনো ভুক্তির সহগুণক = $(-1)^{r+c} \times$ অনুরাশি
- $a_1, b_1, c_1, a_2 \dots\dots$ এর সহগুণককে সাধারণত $A_1, B_1, C_1, A_2 \dots\dots$ দ্বারা প্রকাশ করা হয়।
- a_1 এর সহগুণক, $A_1 = (-1)^{1+1} \times \begin{vmatrix} b_2 & c_2 \\ b_3 & c_3 \end{vmatrix} = b_2c_3 - c_2b_3$

  এভাবে প্রত্যেকটির জন্য নির্ণয় করা যাবে।

01. নিম্নের নির্ণায়কে $(-2a)$ এর সহগুণক কত? **[KUET'11-12, RUET'14-15]**

$$\begin{vmatrix} 1+a^2-b^2 & 2ab & -2b \\ 2ab & 1-a^2+b^2 & 2a \\ 2b & -2a & 1-a^2-b^2 \end{vmatrix}$$

(a) $(1-a^4)-b^2(4-b^2)$ (b) $2a(1+a^2+b^2)$

(c) $(1+a^2+b^2)^3$ (d) $(1+a^2+b^2)$ (e) $-2a(1+a^2+b^2)$

সমাধান: (e); $(-1)^{3+2}\begin{vmatrix} 1+a^2-b^2 & -2b \\ 2ab & 2a \end{vmatrix} = (-1)[2a+2a^3-2ab^2+4ab^2] = -2a(1+a^2+b^2)$

Question Type-05: ব্যতিক্রমী, অব্যতিক্রমী এবং ইনভার্স/বিপরীত ম্যাট্রিক্স সংক্রান্ত

Formula & Concept:

➢ A একটি বর্গ ম্যাট্রিক্সের ($n \times n$ আকারের) জন্য, A এর প্রত্যেকটি উপাদানকে A^T এর অনুরূপ উপাদানের সহগুণক দ্বারা (Cofactor) প্রতিস্থাপিত করে যে ম্যাট্রিক্স পাওয়া যায় তা হচ্ছে A ম্যাট্রিক্সের Adjoint ম্যাট্রিক্স। লেখা হয়, adj. A বা adj(A). [অথবা, A এর সহগুণক ম্যাট্রিক্সের ট্রান্সপোজ ম্যাট্রিক্সকে A ম্যাট্রিক্সের Adjoint ম্যাট্রিক্স বলা হয়।]

➢ যে বর্গ ম্যাট্রিক্স-এর নির্ণায়কের মান শূন্য (0), তাকে ব্যতিক্রমী ম্যাট্রিক্স (Singular Matrix) বলে।

➢ যে বর্গ ম্যাট্রিক্স-এর নির্ণায়কের মান শূন্য (0) নয়, তাকে অব্যতিক্রমী ম্যাট্রিক্স (Non-Singular Matrix) বলে।

♦ A একটি বর্গ ($n \times n$ আকারের) ম্যাট্রিক্সের জন্য $AX = XA = I$ হলে X কে A এর Inverse/বিপরীত ম্যাট্রিক্স বলা হয় এবং প্রকাশ করা হয় A^{-1} দ্বারা অর্থাৎ $X = A^{-1} \Rightarrow A(A^{-1}) = (A^{-1})A = I$;

➢ বিপরীত ম্যাট্রিক্স নির্ণয়ের সূত্র: $A^{-1} = \frac{\text{adj}(A)}{|A|}$.

➢ বিপরীত ম্যাট্রিক্স থাকার শর্তসমূহঃ A ম্যাট্রিক্সের বিপরীত ম্যাট্রিক্স থাকবে যদি এবং কেবল যদি

(i) A একটি বর্গ ম্যাট্রিক্স হয়

(ii) A একটি অব্যতিক্রমী (Non-singular) ম্যাট্রিক্স হয় (অর্থাৎ $|A| \neq 0$).

➢ বিপরীত ম্যাট্রিক্স নির্ণয়ের ধাপগুলোঃ

(i) ম্যাট্রিক্সের নির্ণায়কের মান নির্ণয় করা।

(ii) ম্যাট্রিক্সটির বিম্ব/Transpose ম্যাট্রিক্স নির্ণয় করা [যদি, $|A| \neq 0$ হয়]

(iii) Transpose/বিম্ব ম্যাট্রিক্সটির Adjoint ম্যাট্রিক্স নির্ণয় করা [Adjoint Matrix হলো Transpose Matrix -এর প্রতিটি ভুক্তিকে তার সহগুণক দ্বারা প্রতিস্থাপন করে যে Matrix টি পাওয়া যায়।]

(iv) Adjoint ম্যাট্রিক্সটিকে ম্যাট্রিক্সের নির্ণায়কের মান দ্বারা ভাগ করা।

Note: $A^{-1} = \frac{1}{|A|}\text{adj}(A)$ এবং $A = \frac{1}{|A^{-1}|}\text{adj}(A^{-1})$

♦ **Shortcut:** (2×2) ম্যাট্রিক্স $A = \begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$ এর জন্য A^{-1} নির্ণয় করতে হলে, a ও d স্থান বিনিময় করবে এবং b ও c এর চিহ্ন পরিবর্তন করতে হবে। যদি ধনাত্মক চিহ্ন থাকে তবে ঋণাত্মক চিহ্ন হবে আর যদি ঋণাত্মক চিহ্ন থাকে তবে ধনাত্মক চিহ্ন হবে। একে ম্যাট্রিক্সটির নির্ণায়কের মান, $(ad-bc)$ দ্বারা ভাগ করতে হবে। $\therefore A^{-1} = \frac{1}{ad-bc}\begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix}$.

01. Find the inverse of $A = \begin{bmatrix} 4 & 5 & 0 & 0 \\ 3 & 4 & 0 & 0 \\ 0 & 0 & 3 & 2 \\ 0 & 0 & 4 & 3 \end{bmatrix}$ [IUT'21-22]

(a) $\begin{bmatrix} \frac{1}{4} & \frac{1}{5} & 0 & 0 \\ \frac{1}{3} & \frac{1}{4} & 0 & 0 \\ 0 & 0 & \frac{1}{3} & \frac{1}{2} \\ 0 & 0 & \frac{1}{4} & \frac{1}{3} \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} \frac{1}{4} & -5 & 0 & 0 \\ -3 & \frac{1}{4} & 0 & 0 \\ 0 & 0 & \frac{1}{3} & -2 \\ 0 & 0 & -4 & \frac{1}{3} \end{bmatrix}$

(c) $\begin{bmatrix} 4 & -3 & 0 & 0 \\ -5 & 4 & 0 & 0 \\ 0 & 0 & 3 & -4 \\ 0 & 0 & -2 & 3 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 4 & -5 & 0 & 0 \\ -3 & 4 & 0 & 0 \\ 0 & 0 & 3 & -2 \\ 0 & 0 & -4 & 3 \end{bmatrix}$

Solution: (d); [Use Calculator]

02. $\begin{pmatrix} 3 & 1 & 9 \\ 2x & 2 & 6 \\ x^2 & 3 & 3 \end{pmatrix}$ একটি ব্যতিক্রমী ম্যাটিক্স হলে x এর মান নির্ণয় কর। [CKRUET'20-21]

(a) 1, 3 (b) $-1, -3$ (c) 2, 3 (d) $-2, 3$ (e) $-1, 3$

সমাধান: (a); $3(6-18) - 1(6x - 6x^2) + 9(6x - 2x^2) = 0 \Rightarrow -36 - 6x + 6x^2 + 54x - 18x^2 = 0$

$\Rightarrow -12x^2 + 48x - 36 = 0 \Rightarrow x^2 - 4x + 3 = 0 \therefore x = 3, 1$

03. $\begin{pmatrix} k\sqrt{k} & 2 \\ 2 & \sqrt{k} \end{pmatrix}$ একটি বাস্তব ম্যাট্রিক্স। k এর কোন মানের জন্য ম্যাট্রিক্সটির বিপরীত ম্যাট্রিক্স পাওয়া যাবে না?

[KUET'12-13, SUST'17-18]

(a) -2 (b) 2 (c) ± 2 (d) $\sqrt{2}$ (e) $-\sqrt{2}$

সমাধান: (b); বিপরীত ম্যাট্রিক্স না থাকলে $|A| = 0 \Rightarrow k.k - 4 = 0 \Rightarrow k^2 = 4 \Rightarrow k = 2$ [$\sqrt{k}$ থাকায় $k \neq -2$]

04. If $A = \begin{bmatrix} 0 & 1 & 2 \\ 1 & 2 & 3 \\ 3 & 1 & 1 \end{bmatrix}$ and $B = A^{-1}$, then $b_{23} = ?$ [IUT'17-18]

(a) 1 (b) 2 (c) -1 (d) -2

Solution: (c) ; Use calculator.

05. x এর কোন কোন মানের জন্য $\begin{bmatrix} 2-x & 13 \\ 5 & 10-x \end{bmatrix}$ ম্যাট্রিক্সটি একটি ব্যতিক্রমী (singular) ম্যাট্রিক্স হবে? [KUET'16-17]

(a) -15 ও -3 (b) -15 ও 3 (c) 15 ও -3 (d) 13 ও 5 (e) 15 ও 3

সমাধান: (c); $\begin{vmatrix} 2-x & 13 \\ 5 & 10-x \end{vmatrix} = 0 \Rightarrow \begin{vmatrix} 2-x & 13 \\ 5 & 10-x \end{vmatrix} = 0 \Rightarrow x^2 - 12x - 45 = 0 \Rightarrow x = 15, -3$

06. If $A = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{bmatrix}, B = \begin{bmatrix} 4 & 7 \\ 3 & 5 \end{bmatrix}$ and $AB^{-1} = \begin{bmatrix} 1 & a \\ 3 & 5 \end{bmatrix}$, then a =? [IUT'16-17]

(a) 1 (b) -1 (c) Cannot be found (d) None of these

Solution: (b); $B^{-1} = \begin{bmatrix} -5 & 7 \\ 3 & -4 \end{bmatrix}$; $AB^{-1} = \begin{bmatrix} 1 & -1 \\ -3 & 5 \end{bmatrix}$ [N.B: There is a slight mistake in the question]

07. যদি $A = \begin{pmatrix} 2 & 3 \\ 5 & 7 \end{pmatrix}$ ও $B = \begin{pmatrix} -2 & 1 \\ 3 & 5 \end{pmatrix}$ হয়, তবে $(BA)^{-1}$ এর মান কত? [KUET'15-16]

(a) $\begin{pmatrix} 44 & -1 \\ -31 & 1 \end{pmatrix}$ (b) $\frac{1}{13}\begin{pmatrix} 44 & -1 \\ -31 & 1 \end{pmatrix}$ (c) $\frac{1}{13}\begin{pmatrix} -44 & 1 \\ 31 & -1 \end{pmatrix}$ (d) $\frac{1}{13}\begin{pmatrix} -31 & 1 \\ 44 & -1 \end{pmatrix}$ (e) $\frac{1}{13}\begin{pmatrix} 44 & -31 \\ -1 & 1 \end{pmatrix}$

